

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ৪৬৯ -এ

তারিখঃ- ২৯/১২/২০২১ খ্রিঃ

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রার্থীকে তার নামের পার্শ্বে বর্ণিত “ব্যক্তিগত কর্মকর্তা” পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ নং গ্রেডে বর্ণিত ১৬০০০-৩৮৬৪০/- টাকার বেতন স্কেলে কর্মে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার/স্বামীর নাম	রোল নম্বর	নিয়োগকৃত পদের নাম
১.	জনাব মোঃ রাহাজ্জুল হোসেন পিতা-মৃত রফিউদ্দীন বিশ্বাস	১১৯২	ব্যক্তিগত কর্মকর্তা

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে আগামী ০৬/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

শর্তাবলীঃ-

- প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরীতে যোগদানের সময় তার বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রতিশ্রুতি সার্টিফিকেট দাখিল করতে হবে।
- তিনি যদি বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কাউকে বিবাহ করেন অথবা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হলো। শিক্ষানবিশকালীন তাকে বিনা নোটিশ বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাবে।
- তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি অসন্তোষজনক হয় অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাকে চাকুরী হতে বাদ দেয়া হবে।
- তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ-কর্ম সন্তোষজনক হলে এবং বিভিন্ন সময়ে নির্ধারিত পরীক্ষা ও প্রশিক্ষণে কৃতকার্যতা সাপেক্ষে তাকে চাকুরীতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।
- প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকরি বিধি অনুযায়ী এই কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম পূরণ করতে হবে।
- তাকে নিজ খরচে নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।
- কাজে যোগাদানের পর যথানিয়মে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।
- কাজে যোগাদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে

৫৪১-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮৬৮২৬
E-mail: aktar.dr@supremecourt.gov.bd

স্মারক নং- ৬০৪৫(৬) -এ,

তারিখঃ- ২৯/১২/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- অতিরিক্ত রেজিস্ট্রার (সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি, জি, এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ২৫ কপি অত্র কোর্টে প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- হিসাবরক্ষণ কর্মকর্তা-১, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- জনাব মোঃ রাহাজ্জুল হোসেন, পিতা-মৃত রফিউদ্দীন বিশ্বাস, ৯৩/১-এ, সরদার কমপ্লেক্স, আগারগাঁও, তালতলা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

(কাজী আবুফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৫৮৭৮১